

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং : ১২/২০১৫

তারিখ : ০৯ ডিসেম্বর, ২০১৫
২৫ অগ্রহায়ণ, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

National Payment Switch Bangladesh (NPSB) নেটওয়ার্কের আওতায় সম্পাদিত আন্তঃব্যাংক Automated Teller Machine (ATM) & Point of Sales (POS) লেনদেনের ক্ষেত্রে গ্রাহকস্বার্থ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, NPSB এর আওতায় কিছু ব্যাংক প্রযুক্তিগত সমস্যাসহ বিভিন্ন কারণে স্থানীয় আন্তঃব্যাংক ATM লেনদেনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত চার্জের তুলনায় অতিরিক্ত চার্জ গ্রহণ করছে। এছাড়াও বিভিন্ন মার্চেন্ট পয়েন্টে POS লেনদেনে গ্রাহকদের নিকট হতে পণ্য/সেবা মূল্যের অতিরিক্ত টাকা আদায় করছে যা গ্রাহকস্বার্থ পরিপন্থী মর্মে প্রতীয়মান।

এমতাবস্থায়, NPSB নেটওয়ার্কের আওতায় সম্পাদিত আন্তঃব্যাংক ATM & POS লেনদেনের ক্ষেত্রে গ্রাহকস্বার্থ নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণার্থে আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে :

- ১) কারিগরী ত্রুটি থাকলে তা সমাধান করে NPSB নেটওয়ার্কের মাধ্যমে আন্তঃব্যাংক লেনদেন পরিচালনা করা এবং এ সংক্রান্ত বিষয়ে ২৪/১২/২০১২ তারিখে জারীকৃত **PSD Circular No. 04 /2012** যথাযথভাবে পরিপালন করা;
- ২) অত্র বিভাগ কর্তৃক NPSB এর মাধ্যমে সম্পাদিত ATM লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য চার্জ সংক্রান্ত ২০/০১/২০১৫ তারিখে জারীকৃত **PSD Circular Letter No. 01/2015** যথাযথভাবে পরিপালন করা;
- ৩) বিভিন্ন মার্চেন্ট পয়েন্টে POS লেনদেনের ক্ষেত্রে গ্রাহকদের নিকট হতে পণ্য বা সেবার মূল্যমানের অতিরিক্ত কোন টাকা যাতে গ্রাহকের নিকট হতে আদায় না করা হয় সে লক্ষ্যে ব্যাংক কর্তৃক মার্চেন্টদের সতর্ক করাসহ গ্রাহকদের সচেতনতা বৃদ্ধি করা।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ ইস্কান্দার মিয়া)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৪

ফ্যাক্স : ৯৫৩০০৯৬

ই-মেইল : eskandar.miah@bb.org.bd